গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৭৮০ তারিখ : ১৫ জুন ২০১৭

বিষয় : সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ সমগ্র দেশে কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন -১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.৩৫২.১৪-৭২৯; তারিখ : ৩০ মে ২০১৭ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ সমগ্র দেশে কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত সভার তার উপজেলা সংশ্লিষ্ট সিদ্ধান্ত অনুযায়ী যথাযথভাবে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) পাতা।

৭/০৬/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ,..........................উপজেলা, ... জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...উপজেলা, ... জেলা।

অনুলিপি:

১। জেলা প্রশাসক (সকল), ... জেলা।
২। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বিষয়: সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ সমগ্র দেশে কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	জনাব আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ।
স্থান	ঃ	সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	ঃ	০৮ মে ২০১৭ খ্রিঃ।
সময়	ঃ	বিকাল ০৩.০০ টা
সভায় উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-'**ক**'।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর মহাপরিচালক জনাব মোঃ আবদুল হালিম ২০১৭ সালে নির্দিষ্ট স্থানে পশু কোরবানী বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বিষয়ে সকলকে অবহিত করেন। তিনি সমগ্র বাংলাদেশের মানুষের নিকট মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন এবং প্রদত্ত অনুশাসন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুফল সম্পর্কে জনগণকে অবহিত করার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, প্রদত্ত অনুশাসন বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে এখন থেকেই কার্যক্রম গ্রহণ করতে হবে। কোরবানীর জায়গা নির্ধারণ, নির্ধারিত স্থানে জনগণ একসাথে আসবে কিনা, জবেহকারীদের সাথে আগে থেকেই যোগাযোগ করা, মাংস প্রক্রিয়াকরণ ইত্যাদি বিষয়ে পরিকল্পনা গ্রহণ করার জন্য তিনি গুরুত্বারোপ করেন। এ উদ্যোগকে সাফল্যমন্ডিত করার জন্য মিডিয়ার ভূমিকা অপরিহার্য। জনগণকে এ বিষয়ে সচেতন করার জন্য মিডিয়াতে ব্যাপক প্রচারণা প্রয়োজন। একই সাথে মসজিদের ইমাম-মোয়াজ্জিন ও ধর্মীয় ব্যক্তিত্বগণ কর্তৃক মসজিদ ও বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করার তাৎপর্য তুলে ধরা হলে মানুষকে সচেতন ও এ কাজে উদ্বুদ্ধ করা সহজ হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

২.০ **আলোচনা:**

২.১ঃ সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর পরিচালক 'সমগ্র বাংলাদেশে নির্ধারিত স্থানে পশু কোরবানী, ২০১৭' শীর্ষক উপস্থাপনার মাধ্যমে সভাকে অবহিত করেন যে, ২০১৬ সালে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করার কার্যক্রম ৭০% সফল হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী এ বছর উক্ত কার্যক্রম আরো বিস্তৃত করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সম্প্রসারণের অনুশাসন প্রদান করেছেন। তিনি এই অনুশাসন ১০০% বাস্তবায়নের জন্য গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক প্রণীত একটি কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সিটি কর্পোরেশনসমূহের প্রতিনিধিগণ ও বিভিন্ন পৌরসভার মেয়রগণ নিজ নিজ প্রতিষ্ঠানের কার্যক্রম ও কর্মপরিকল্পনা তুলে ধরেন। প্রত্যেক প্রতিনিধি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিপুল প্রচার- প্রচারনার ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

৩.০। **সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
১.	২০১৭ সালে সারাদেশে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করা নিশ্চিত করার জন্য সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।	স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট উইং, সব সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ
২.	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে স্থানীয় সরকার বিভাগে সকল সিটি কর্পোরেশনের মেয়রগণকে নিয়ে এ কার্যক্রম সফল করার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হবে।	স্থানীয় সরকার বিভাগ
৩.	বিভাগীয় কমিশনারগণ পৌর মেয়র ও উপজেলা চেয়ারম্যানগণকে নিয়ে নিয়মিতভাবে সভা করে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং নিয়মিত পরিবীক্ষণ করবেন। এ কাজে স্থানীয় মিডিয়ার সহায়তা গ্রহণ করবেন। প্রথম সভা অবশ্যই রমজান মাসের মধ্যে আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয় ও স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। কোরবানী শেষে বাস্তবায়ন বিষয়ে একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।	সকল বিভাগীয় কমিশনারগণ
৪.	জেলা প্রশাসকগণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নিয়ে নিয়মিতভাবে সভা করে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং নিয়মিত পরিবীক্ষণ করবেন। এ কাজে স্থানীয় মিডিয়ার সহায়তা গ্রহণ করবেন। প্রথম সভা অবশ্যই রমজান মাসের মধ্যে আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয় ও স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। কোরবানী শেষে বাস্তবায়ন বিষয়ে একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।	সকল জেলা প্রশাসকগণ

ক্রমিক নং........তারিখ
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব (
উপ-সচিব (
সিঃ সহঃ সচিব (
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

৩১২

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

৫.	(ক) সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় সংখ্যক কোরবানীর পশু জবেহ এর স্থান, ইমাম এবং কসাইদের তালিকা করে কোরবানীর এক মাস পূর্ব হতে নিজ নিজ এলাকার জনগণকে ওয়েবসাইট/মাইক/লিফলেট/ব্যানার/ক্যাবল অপারেটর এর ম্যাধ্যমে একাধিকবার জানানোর ব্যবস্থা গ্রহণ করবে। কোন কোরবানীদাতা তার পছন্দের ইমাম সাহেবকে নিয়ে আসলে তাঁকেও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।	স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট উইং, সকল সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ
	(খ) কোরবানীর পশুর হাটে সংশ্লিষ্ট এলাকায় নির্দিষ্টকৃত পশু জবেহ এর স্থান এর তথ্য প্রাপ্যতা নিশ্চিত করতে হবে এবং মাইকে তা জগগণকে জানাতে হবে।	
	(গ) সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ কর্তৃক পশু জবাই এর স্থান স্বাস্থ্য সম্মত রাখতে হবে। জবাই শেষে দ্রুত বর্জ্য পরিস্কারকরণ ও ব্লিচিং পাউডার ব্যবহার নিশ্চিত করতে হবে।	
	(ঘ) কোরবানী শেষে মাংশ বহনের জন্য প্রয়োজনে বিতর্কিত নয় এমন বেসরকারী সংস্থার সহায়তায় যানবাহনের ব্যবস্থা করা যেতে পারে।	
৬.	(ক) মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় কসাইদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।	মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়
	(খ) মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কোরবানি হাটে স্বাস্থ্যসম্মত উপায়ে মোটা তাজাকরণকৃত/ রোগমুক্ত গরু সরবারহ নিশ্চিত করবে	
৭.	ধর্ম মন্ত্রণালয় ইসলামিক ফাউন্ডেশনের সহায়তায় মসজিদের ইমামদের মাধ্যমে এ বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা চালাবে; পবিত্র রমজান মাসে মসজিদে মুসল্লীগণের সমাগম বেশী ঘটে বিধায় পবিত্র রমজান মাসের জুমার নামাজের খুতবায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানির উপকারিতা ও প্রয়োজনীয়তার বিষয়টি প্রচারের ব্যবস্থা নিতে হবে	ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন
৮.	ইসলামিক ফাউন্ডেশন জরুরী ভিত্তিতে আলোচ্য বিষয়ে একটি লিফলেট এর খসড়া স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে, স্থানীয় সরকার বিভাগ সেটি চূড়ান্ত করে প্রচারণার জন্য সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলা পরিষদে প্রেরণ করবে	ইসলামিক ফাউন্ডেশন ও স্থানীয় সরকার বিভাগ
৯.	তথ্য মন্ত্রণালয় সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে এখন থেকেই প্রচারণার কার্যক্রম চালাবে: বিভিন্ন টিভি চ্যানেলে স্পেসিফিক স্লট নিয়ে কার্যক্রম চালাতে হবে; এটি নিশ্চিত করার জন্য তথ্য মন্ত্রণালয় প্রয়োজনে সরকারি/বেসরকারি রেডিও, টিভি চ্যানেল ও প্রিন্ট মিডিয়া কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; এ কাজে গণযোগাযোগ অধিদপ্তরকেও সম্পৃক্ত করতে হবে। ভিডিও ক্লিপ ব্যবহার নিশ্চিত করতে হবে।	তথ্য মন্ত্রণালয়
১০.	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে সকল মোবাইল কোম্পানীর মাধ্যমে কোরবানীর পূর্বে সকল মোবাইল গ্রাহককে নির্দিষ্ট স্থানে পশু জবাই করার আবেদন/প্রচারণা সম্বলিত এসএমএস প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
১১.	স্বরাষ্ট্র মন্ত্রণালয় কোরবানী পশুহাট ও কোরবানীর পশু জবেহ কার্যক্রমের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এ বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে	জননিরাপত্তা ও সুরক্ষাসেবা বিভাগ
১২.	রেল ও সড়ক কর্তৃপক্ষের অব্যবহৃত স্থান, কলোনী এবং স্কুল, কলেজ, মাদ্রাসার মাঠ ও রাজউকসহ অন্যান্য প্রতিষ্ঠানের জায়গা পশু জবেহ্‌র জন্য স্থান হিসেবে ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সহায়তা করতে হবে।	রেলপথ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৩.	কোরবানীর ১০ দিন আগে সংশ্লিষ্ট এলাকার কোথায় কখন কোরবানীর পশু জবেহ্‌ হবে তার বিবরণ সম্বলিত স্লিপ প্রতিটি বাড়িতে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ
১৪.	কোরবানীর অন্তত ২০ দিন আগে এলাকাভিত্তিক পশুর হাট এবং প্রতিটি ওয়ার্ডে পশু জবেহ্‌র নির্ধারিত স্থানের তালিকা ব্যানারে টাঙ্গিয়ে দিতে হবে।	সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ
১৫.	নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়ে বিজ্ঞাপন প্রচারের জন্য সিটি কর্পোরেশন/পৌরসভা/ উপজেলা পরিষদসমূহ স্থানীয় ক্যাবল অপারেটরদের সহায়তা গ্রহণ করবে।	সকল সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা পরিষদ

১৫০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

১৬.	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ পশু কোরবানীর নির্বাচিত স্থানে পানি সরবরাহ, সেবা প্রার্থীদের বসার স্থান, প্রয়োজনে তাবু টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করবে।	সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ
১৭.	স্থানীয় সরকার বিভাগ হতে এ কার্যক্রম সফল করতে সকল উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশনা প্রদান করবে।	স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহ
১৮.	সিটি কর্পোরেশন মেয়রগণ এখন থেকেই প্রচারণা চালানোর উদ্যোগ গ্রহণ করবেন (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ অন্যান্য প্রচারণা)।	সকল সিটি কর্পোরেশন
১৯.	কোন এলাকায় যত্রতত্র/রাস্তাঘাটে যাতে কোরবানীর পশু জবাই না করা হয়-এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নিশ্চিত করতে হবে।	সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ
২০.	কোরবানীর ১৫ দিন পূর্বে সব সিটি কর্পোরেশন, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের কার্যালয়ে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে।	সকল সিটি কর্পোরেশন, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ
২১.	প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট এ অনুষ্ঠিত এতদবিষয়ে ১৯ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা

৪.০। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

স্বাক্ষরিত/
তারিখঃ২৯/০৫/২০১৭
আবদুল মালেক
সচিব

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.৩৫২.১৪-৭২৯ তারিখঃ ৩০/০৫/২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, সুরক্ষাসেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২০। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, মৎস্য ভবন, ঢাকা।
২২। মহাপরিচালক, মৎস ও প্রাণীসম্পদ অধিদপ্তর, মৎস ভবন, ঢাকা।
২৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
২৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

১৫০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

২৫। মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
২৬। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২৭। অতিরিক্ত সচিব(প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২৮। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ
২৯। সচিব, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩০। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩১। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-১/উপজেলা/ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
৩২। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট
বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজিপুর সিটি কর্পোরেশন।
৩৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা, চট্টগ্রাম,রাজশাহী, খুলনা,বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগ।
৩৪। জেলা প্রশাসক(সকল), ---------------------------------জেলা।
৩৫। উপ-সচিব(পৌর-১ অধিশাখা/সিটিক.-২/উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৩৬। মেয়র,
ফরিদপুর/কোটালীপাড়া/নীলফামারী/বাউফল/ময়মনসিংহ/যশোর/ছাতক/চাঁদপুর/নাটোর পৌরসভা।
৩৭। সিনিয়র সহকারী সচিব (উপজেলা/ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
৩৮। সহকারী সচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।

০৩/৭/২০১৭

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫